

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সুরক্ষা সেবা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
প্রশাসন-৩ অধিশাখা  
[www.ssd.gov.bd](http://www.ssd.gov.bd)

মহান বিজয় দিবস কুচকাওয়াজ-২০১৯ উদযাপন উপলক্ষে সম্মিলিত কুচকাওয়াজ অনুষ্ঠানে সুরক্ষা সেবা বিভাগের যান্ত্রিক বহর সজ্জিতকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী :

সভাপতি : ড. তরুণ কান্তি শিকদার  
অতিরিক্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ  
সভার তারিখ : ৩১.১০.১৯  
সময় : বিকাল ০৩.৩০ ঘটিকা  
স্থান : কক্ষ নং-৩০৯, ৪র্থ তলা, সুরক্ষা সেবা বিভাগ।

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সূচনা বক্তব্যে বলেন, আমাদের অর্জিত স্বাধীনতা আরো র্তথবহ করতে এবং মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়নে মহান বিজয় দিবস উদযাপন আমাদের জাতীয় জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ দিন। এ দিবসের অন্যতম কর্মসূচি হিসেবে জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠানে বিগত বছরসমূহের অভিজ্ঞতার আলোকে আরও আর্কষণীয় ও আড়ম্বরপূর্ণভাবে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে যান্ত্রিক বহরে (ট্রাকলরী) অংশগ্রহণের উপর গুরুত্বারোপ করেন। গত ২৮.১০.১৯ তারিখে এতৎবিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। এরপর সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে স্ব স্ব অধিদপ্তর হতে আগত প্রতিনিধি কর্তৃক অবহিত করা হয়। এ পর্যায়ে ট্রাকবহরটি সুসজ্জিতকরণ, চিত্তাকর্ষক, আকর্ষণীয় ও দৃষ্টিনন্দিত প্রদর্শনের উপর সংশ্লিষ্ট সকলের মতামত আহ্বান করা হয়।

২। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- মহান বিজয় দিবস ২০১৯ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে ৩০.০৭.১৯ তারিখে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠানে সকল মন্ত্রণালয়ের যান্ত্রিক বহর প্রদর্শনীর সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ প্রেক্ষিতে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের একটি সুসজ্জিত গাড়ি সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় খরচের প্রাক্কলন জরুরিভিত্তিতে স্ব স্ব অধিদপ্তর কর্তৃক দাখিল করা।
- জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠানের যান্ত্রিক বহরে অংশ গ্রহণের জন্য সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কার্যক্রম প্রদর্শনপূর্বক গাড়ি সজ্জিতকরণের সমন্বয়ের দায়িত্ব ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর পালন করবে। এ মন্ত্রণালয়ের অধীন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং কারা অধিদপ্তর এতে সক্রিয়ভাবে অংশগ্রহণের নিমিত্ত নিরাপত্তা পাশ ইস্যুকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
- মহান বিজয় দিবস ২০১৯ উদযাপন উপলক্ষে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ ব্যবস্থাপনা কমিটিতে সৈয়দ বেলাল হোসেন, অতিরিক্ত সচিব এবং সভার জাতীয় স্মৃতিসৌধে সশস্ত্র অভিযাদন ও পুষ্পস্তবক অর্পণ কমিটিতে জনাব মুনিম হাসান, যুগ্মসচিব এর মনোনয়নের বিষয়ে সচিব, সুরক্ষা সেবা বিভাগ এর অনুমোদন গ্রহণ করা।
- সভায় প্রত্যেক অধিদপ্তরের জন্য ২ মিনিটের ধারাভাষ্য বিবরণী বাংলা ও ইংরেজিতে প্রস্তুতপূর্বক দ্রুত প্রেরণ করা।
- যান্ত্রিকবহরে সুরক্ষা সেবা বিভাগ-এর ট্রাকটি সুসজ্জিত করার জন্য অধিদপ্তরের প্রতিনিধিগণ কর্তৃক প্রয়োজনে ইভেন ম্যানেজমেন্ট এর জনাব শফিক, মোবা-০১৭০৪-১৭১৫০০ এর সাথে যোগাযোগ করা। ইভেন্ট ম্যানেজমেন্ট কর্তৃক যান্ত্রিক বহরের লরি সজ্জিতকরণের প্রাক্কলন দাখিল করা।
- উপসচিব (প্রশাসন-২) কর্তৃক উপসচিব(বাজেট) এর সাথে যোগাযোগপূর্বক যান্ত্রিকবহর সজ্জিতকরণের প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখা।
- সুরক্ষা সেবা বিভাগের একটি লরি ৪০' x ১০' যান্ত্রিকবহরে অংশগ্রহণের অনুমতি চেয়ে সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও জিওসি-৯ পদাতিক ডিভিশনকে পত্র প্রেরণ করা।



৩। পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভা সমাপ্তি ঘোষণা করেন।

(ড. তরুণ কান্তি শিকদার)  
অতিরিক্ত সচিব

স্মারক নং-৫৮.০০.০০০০.০১৪.২৩.০৪.১৭- ৬৬২

তারিখ : ১৭ কার্তিক ১৪২৬  
০৪ নভেম্বর ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব.....(সকল), সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৬। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ৮। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশী বাজার, ঢাকা।
- ৯। যুগ্মসচিব.....(সকল), সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ১০। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। উপসচিব.....(সকল), সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ১৩। প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(মোঃ আবদুল কাদির)  
উপসচিব  
ফোন:+৮৮০২ ৯৫৭৪৫১৬